মালয়েশিয়ায় মির্জা আব্বাসকে দেখতে গেলেন জামায়াত সেক্রেটারি



ছবি: সংগৃহীত

মালয়েশিয়ার প্রিন্সকোর্ট হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। তার শারীরিক অবস্থার খোঁজ নিতে সেখানে গিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।

মঙ্গলবার (১৯ মে) হাসপাতালে গিয়ে তিনি মির্জা আব্বাসের চিকিৎসার সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে চিকিৎসকদের কাছ থেকে তথ্য নেন। এ সময় তার দ্রুত ও পূর্ণ সুস্থতা কামনা করে দোয়া করেন তিনি।

সাক্ষাতের সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন ব্যারিস্টার নাজিবুর রহমান মোমেন (এমপি)।

LENS ASIA